# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

# নিয়োগ বিজ্ঞপ্তি

**স্মারক নং ঃ** মাউশিবোদি/প্রশাঃ/নিয়োগ/২০০৭/৪০১১(৩) **তারিখ ঃ** ০২/০৭/২০১৭ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরে নিম্নবর্ণিত শূণ্য পদসমুহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত বেতন স্কেলে জনবল নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৮/০৭/২০১৭ তারিখের মধ্যে নিম্নবর্ণিত তথ্য সম্বলিত আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় সরাসরি হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | পদ সংখ্যা | বয়স | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক (৯৭০০-২৩৪৯০/-) | ০৩ জন | অনুর্ধ্ব- ৩০ বছর | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০২. | সনদ লেখক (৯৭০০-২৩৪৯০/-) | ০১ জন | অনুর্ধ্ব- ৩০ বছর | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) হাতের লেখা সুন্দর এমন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৩. | অফিস সহায়ক (৮৫০০-২০৫৭০/-) | ০৫ জন | অনুর্ধ্ব- ৩০ বছর | (ক) অষ্টম শ্রেণি পাশ হতে হবে।<br>(খ) সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৪. | দারোয়ান/গার্ড/নৈশ প্রহরী (৮৫০০-২০৫৭০/-) | ০৯ জন | অনুর্ধ্ব- ৩০ বছর | (ক) অষ্টম শ্রেণি পাশ হতে হবে।<br>(খ) সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৫. | মালী (৮৫০০-২০৫৭০/-) | ০২ জন | অনুর্ধ্ব- ৩০ বছর | (ক) অষ্টম শ্রেণি পাশ হতে হবে।<br>(খ) সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৬. | ঝাড়ুদার (৮৫০০-২০৫৭০/-) | ০২ | অনুর্ধ্ব- ৩০ বছর | (ক) অষ্টম শ্রেণি পাশ হতে হবে।<br>(খ) সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

**শর্তাবলি ঃ**

০১. পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ, প্রার্থীর নাম, জাতীয় পরিচয় পত্র নম্বর, জন্ম নিবন্ধন নম্বর, জন্ম তারিখ, বিজ্ঞপ্তিতে উল্লিখিতে তারিখে প্রার্থীর বয়সসীমা, মাতার নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা, জাতীয়তা, ধর্ম, পেশা, জেন্ডার, শিক্ষাগত যোগ্যতা, অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), কোটা, পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট নম্বর ও তারিখ, ব্যাংকের নাম ও শাখা উল্লেখসহ আবেদন করতে হবে। এছাড়া শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dinajpureducationboard.gov.bd থেকে নমুনা আবেদন ফরম ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

০২. আগ্রহী প্রার্থীদেরকে আবেদনে প্রয়োজনীয় তথ্যাবলি উল্লেখপূর্বক **"চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর"** বরাবরে আবেদন করতে হবে।

০৩. প্রার্থীগণকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদনপত্র আগামী ১৮/০৭/২০১৭ তারিখের মধ্যে **"মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, উপজেলা- সদর, জেলা- দিনাজপুর"** বরাবরে সরাসরি হাতে হাতে জমা/ডাকযোগে প্রেরণ করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।

(খ) চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

(গ) নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত)

(ঘ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতামাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে **"প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যা"** এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(ছ) এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(জ) উপরে বর্ণিত সকল পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ **"সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর"** এর অনুকূলে জমা দিয়ে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্-এর মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(ঝ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়ি ছবি।

(ঞ) প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট পৃথক একটি খাম।

০৪. খামের উপরের ডান পার্শ্বে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম, বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র জমা দিতে হবে।

০৫. সরকারি/আধাসরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৭. আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সনদপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা) স্বাক্ষরের নিচে নামসহ সীল থাকতে হবে।

০৮. কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ডের পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন বা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৯. অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. দিন হাজিরা ভিত্তিক/বিভাগীয় কর্মচারীদের সংশ্লিষ্ট পদের জন্য শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১১. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১২. যাচাই-বাছাই অন্তে যোগ্য প্রার্থী/প্রার্থীদের তালিকা, লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশ করা হবে।

১৩. আবেদনে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্-এর নম্বর ও তারিখ উল্লেখ থাকতে হবে।

১৪. নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৫. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২.০৭.১৭

সচিব (অ:দা:)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

